# বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬

( ১৯৯৬ সনের ২০ নং আইন )

**রপ্তানীমুখী শিল্প স্থাপনের জন্য বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন৷**

যেহেতু রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান এবং উহার উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ এবং তত্সম্পর্কিত প্রাসংগিক অন্যান্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১৷ এই আইন বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "অনুমতি পত্র" অর্থ ধারা ১০(১) এর অধীন প্রদত্ত অনুমতি পত্র;

(খ) "উদ্যোক্তা কোম্পানী" অর্থ জোন প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনকৃত কোন কোম্পানী, যাহাকে ধারা ১০ এর অধীন জায়গা নির্বাচন করার অনুমতি পত্র প্রদান করা হইয়াছে বা ধারা ১১ এর অধীন লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে;

(গ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(ঘ) "জোন" অর্থ রপ্তানীমুখী শিল্প স্থাপনের জন্য ধারা ১১ এর অধীন ঘোষিত কোন বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল;

(ঙ) "নির্বাহী সেল" অর্থ ধারা ৬ এর অধীন স্থাপিত বোর্ডের নির্বাহী সেল;

(চ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ছ) "পরিচালক মণ্ডলী" অর্থ সংশ্লিষ্ট উদ্যোক্তা কোম্পানীর পরিচালনা পর্ষদ;

(জ) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন গঠিত গভর্ণর বোর্ড;

(ঝ) "মহা-পরিচালক" অর্থ নির্বাহী সেল এর মহা-পরিচালক;

(ঞ) "লাইসেন্স" অর্থ ধারা ১১(২) এর অধীন মঞ্জুরীকৃত কোন লাইসেন্স;

(ট) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

**গভর্ণর বোর্ড**

৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত গভর্ণর বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথা:-

(ক) চেয়ারম্যান;

(খ) শিল্প, বাণিজ্য, অর্থ, বন্দর ও নৌ-পরিবহন, জ্বালানী এবং ভূমি মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীগণ, পদাধিকারবলে;

(গ) শিল্প, বাণিজ্য, অর্থ, পরিকল্পনা, পররাষ্ট্র, জ্বালানী, বন্দর ও নৌ-পরিবহন পরিবেশ এবং অভ্যন্তরীণ সম্পদ মন্ত্রণালয় বা বিভাগের সচিবগণ, পদাধিকারবলে;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের গভর্ণর, পদাধিকারবলে;

(ঙ) বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে;

(চ) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, পদাধিকারবলে;

(ছ) নির্বাহী সেলের মহা-পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী অথবা তত্কর্তৃক মনোনীত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, বোর্ডের চেয়ারম্যান হইবেন।

(৩) বোর্ড, প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন ব্যক্তিকে, প্রজ্ঞাপনে উল্লিখিত উদ্দেশ্য ও মেয়াদের জন্য, সদস্য হিসাবে যে কোন সময় কো-অপ্ট করিতে পারিবে।

**বোর্ডের ক্ষমতা, ইত্যাদি**

৪। (১) বোর্ডের নিম্নরূপ ক্ষমতা থাকিবে, যথা:-

(ক) জোন ঘোষণা, জোনের উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ বিষয়ক নীতি প্রণয়ন করা;

(খ) জোনের পরিচালনা, প্রশাসন, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ সম্পর্কিত উদ্যোক্তা কোম্পানীর কর্মকাণ্ড পর্যালোচনা করা;

(গ) জোন প্রতিষ্ঠার লাইসেন্স মঞ্জুর করা।

(২) উপ-ধারা (১) এর অধীন বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ সরকার কর্তৃক প্রণীত

নীতি, প্রদত্ত অনুমতিপত্র বা মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ নির্বাহী সেল, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রকাশ করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন কোন প্রজ্ঞাপন জারী করা হইলে, উহাতে উল্লিখিত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ সংশ্লিষ্ট সকলে এমনভাবে অনুসরণ করিবে যেন উক্ত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক, ক্ষেত্রমত, প্রণয়ন, প্রদান, মঞ্জুর বা জারী করা হইয়াছে এবং উহাদের বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক কোন আনুষ্ঠানিক অনুমোদনের প্রয়োজন হইবে না।

**বোর্ডের সভা**

৫। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে বোর্ডের সচিব বোর্ডের সভা আহ্বান করিবেন এবং এইরূপ সভা চেয়ারম্যান কর্তৃক স্থিরকৃত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি বত্সর বোর্ডের অন্যুন চারটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, তত্কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, সভায় সভাপতিত্ব করিবেন।

**নির্বাহী সেল**

৬। (১) বোর্ডের একটি নির্বাহী সেল থাকিবে, যাহার প্রধান হইবেন একজন মহা-পরিচালক।

(২) নির্বাহী সেল বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে।

(৩) মহা-পরিচালক নির্বাহী সেলের প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

**নির্বাহী সেলের কার্যাবলী**

৭। নির্বাহী সেল বোর্ডের সচিবালয় হিসাবে কাজ করিবে এবং নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথা:-

(ক) জোনের নির্মাণ কাজের জন্য ভবন নির্মাণ ও অন্যান্য যন্ত্রপাতি এবং রপ্তানী প্রক্রিয়াকরণের জন্য মোড়ক উপকরণ, কাঁচামাল এবং আনুষংগিক মালামাল

আমদানী করার স্বার্থে কাষ্টম প্রবিধান মোতাবেক কাষ্টম বন্ডেড সুবিধাদির ব্যবস্থা করা;

(খ) কাষ্টম বন্ডেড শর্তাধীন আমদানীকৃত কাঁচামাল এবং আনুষংগিক মালামাল পরিবহন এবং উত্পাদিত পণ্যের রপ্তানীর জন্য সরকার এবং বন্দর, পৌর ও অন্যান্য কর্তৃপক্ষের সহিত যোগাযোগ স্থাপন করা;

(গ) জোনের শুল্ক কর্তৃপক্ষের কর্মতত্পরতা পর্যবেক্ষণ ও মনিটর করা;

(ঘ) জোনের পুলিশ ফাঁড়ির কর্মতত্পরতা পর্যবেক্ষণ ও মনিটর করা;

(ঙ) জোনে বিদ্যুত্, পানি, গ্যাস, টেলি-যোগাযোগ এবং সেবামূলক প্রয়োজন সরবরাহ বা, ক্ষেত্রমত, স্থাপন নিশ্চিত করার উদ্দেশ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

(চ) উদ্যোক্তা কোম্পানী ও জোনের বিনিয়োগকারী কোম্পানীর নিবন্ধনের ব্যাপারে এবং এমন অন্যান্য বিষয়ে, যাহা উহাদের কর্মকাণ্ড পরিচালনা এবং বৈদেশিক মুদ্রার লেনদেনের সহায়ক, সাহায্য করা;

(ছ) আমদানী এবং রপ্তানী পারমিট ইস্যু এবং শুল্ক সম্পর্কিত অন্যান্য বিষয়ে উদ্যোক্তা কোম্পানীকে নীতি-নির্দেশাবলী প্রদান করা;

(জ) উদ্যোক্তা কোম্পানীর কর্মকাণ্ড তদারক ও মনিটর করা;

(ঝ) কাষ্টম বন্ডেড শর্তাধীনে আমদানীকৃত কাঁচামাল এবং আনুষংগিক মালামাল পরিবহন এবং উত্পাদিত পণ্য রপ্তানীকরণে সাহায্য করা;

(ঞ) বাংলাদেশ ব্যাংকের সহিত আলোচনাক্রমে জোনে ব্যাংকিং সুবিধাদির ব্যবস্থা করা;

(ট) কোন জোনের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় বিশেষজ্ঞ পাওয়া না গেলে উহার কোন পদে সময় সময় প্রদত্ত সরকারী নীতি নির্দেশাবলী মোতাবেক বিদেশী নাগরিকের নিয়োগদানে অনুমোদন প্রদান করা;

(ঠ) বোর্ডের অনুমোদন সাপেক্ষে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে চুক্তি সম্পাদন করা;

(ড) এই আইন কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড কর্তৃক নির্দেশিত অন্যান্য সকল কাজ করা;

(ঢ) উপরিউল্লিখিত কার্যাদির প্রাসংগিক অন্যান্য কার্য করা৷